"বিসমিল্লাহির রাহমানির রাহিম"

লীগ্যাল এগ্রো ফার্ম

**বার্ষিক সাধারণ সভা-২০২৩**

স্থানঃ নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।

সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা

তারিখঃ ১১/০৮/২০২৩ ইং

সভাপতিঃ লীগ্যাল এগ্রো ফার্ম-এর সম্মানিত আহবায়ক **জনাব খন্দকার এম এ আউয়াল**,

সঞ্চালনায়ঃ প্রতিষ্ঠানের সম্মানিত সদস্য সচিব **জনাব মাসুদ আলম চৌধুরী**।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ নামঃ-

১। খন্দকার এম এ আউয়াল

২। মোঃ মাসুদ আলম চৌধুরী

৩। মোঃ রফিকুল ইসলাম রাসেল

৪। সোহাগ আলম

৫। মোঃ আনোয়ার হোসেন

৬। সাহিদ হোসেন

৭। রাজীব কুরী

৮। জাহিদ পারভেজ সুজন

৯। মোঃ রিপন হোসেন

১০। মিজানুর রহমান

১১। রিয়াদ হোসেন

১২। মোঃ মনির হোসেন

১৩। সাইফুল মোস্তফা

১৪। জাকির হোসেন সবুজ

১৫। মাকসুদুর রহমান সোহেল (অতিথি)

১৬। মোঃ সাইফুল ইসলাম (অতিথি)

১৭। মোঃ সুমন (অতিথি)

১৮। কাজী এম হাসান (অনলাইন অংশগ্রহণ)

১৯। মোয়াজ্জেম হোসেন (অনলাইন অংশগ্রহণ)

২০। মাহবুবুল হাসান (অনলাইন অংশগ্রহণ)

সভার আলোচ্য বিষয় – বিশ্লেষণঃ

১। বিগত সভাসমূহের আলোচ্য বিষয় ও বিবরণী পাঠ এবং বিষয় সমূহ বিচার-বিশ্লেষণ।

২। মাসিক চাঁদার পরিমাণ নির্ধারণ।

৩। ২০২৪ সালের এককালীন টাকার পরিমাণ নির্ধারণ।

৪। বকেয়া পরিশোধের জন্য সময় নির্ধারণ।

৫। নির্ধারিত হারের অতিরিক্ত এককালীন টাকা জমা প্রসঙ্গে।

৬। নতুন কমিটি গঠন এবং পদ্ধতি।

৭। শেয়ারহোল্ডার বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।

৮। নতুন বিনিয়োগ বিষয়ে পরিকল্পনা।

৯। লভ্যাংশ বন্টনের ভবিষ্যৎ নীতিতে প্রণয়ন।

১০। বিবিধ।

সভার প্রারম্ভে সভার সভাপতি লীগ্যাল এগ্রো ফার্মের সম্মানিত আহবায়ক জনাব খন্দকার এম এ আউয়াল সবাইকে সভায় অংশগ্রহণের জন্য  আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানান এবং সম্মানিত সদস্য সচিব জনাব মাসুদ আলম চৌধুরীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। জনাব মাসুদ আলম চৌধুরীর সঞ্চালনায় উক্ত সভায় বিভিন্ন বিষয়ে জ্ঞানগর্ভ আলোচনা ও মতামত প্রদান করেন প্রতিষ্ঠানের সম্মানিত প্রধান উপদেষ্টা জনাব রফিকুল ইসলাম রাসেল, সম্মানিত কোষাধ্যক্ষ জনাব সোহাগ আলম, সম্মানিত সহ-কোষাধ্যক্ষ জনাব আনোয়ার হোসেন, সম্মানিত সদস্য জনাব সাহিদ হোসেন, জনাব জাহিদ পারভেজ, জনাব রাজীব কুরী, জনাব মিজানুর রহমান, নতুন সম্মানিত সদস্য জনাব মোঃ মনির হোসেন, জনাব সাইফুল মোস্তফা, জনাব জাকির হোসেন এবং সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন বিশেষ অতিথি ও সদস্য হিসাবে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারী জনাব মাকসুদুর রহমান সোহেল, জনাব সাইফুল ইসলাম। স্ব স্ব বক্তব্যে বক্তারা লীগ্যাল এগ্রো ফার্মের বর্তমান কার্যক্রমের ভূয়সী প্রশংসা এবং উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন। সভায় লীগ্যাল এগ্রো

ফার্মের প্রয়াত শেয়ারহোল্ডার মরহুম সোহেল সাহেবকে গভীর শোক ও শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় এবং তার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়।

সভায় আলোচনার ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত সমূহঃ-

১। বিগত সভা সমূহের আলেচ্য বিষয় ও বিবরণী পাঠ  এবং কোন প্রকার সংশোধন ছাড়াই  অনুমোদন।

২। সভায় নতুন শেয়ারহোল্ডার অন্তর্ভুক্তির জন্য আবেদনকারীদের শেয়ারহোল্ডার হিসাবে যুক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিতে গৃহীত।

৩। সভায় নতুন শেয়ারহোল্ডার অন্তর্ভুক্তির আলোচনায় পর্যায়ক্রমে অনধিক ৫০ জন শেয়ারহোল্ডার অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। মাসিক চাঁদা পূর্বনির্ধারিত ৩০০০/- হারে মাসের ৩০ তারিখের ভেতর অবশ্যই পরিশোধ করতে হবে । ৩০ তারিখ অতিক্রম করলে ১০০ টাকা বিলম্ব ফি হিসেবে অবশ্যই প্রদান করতে হবে।

৫। মাসিক এবং এককালীন অর্থাৎ সমূদয় বকেয়া অবশ্যই অক্টোবর ২০২৩ ইং মধ্যে প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে টাকা না দিতে পারলে, আজকের সভার অধিকাংশ সদস্যদের সম্মতিতে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বকেয়া প্রদানে ব্যর্থ শেয়ারহোল্ডাদের বকেয়া পরিশোধের পূর্ব পর্যন্ত লাভ্যাংশ (স্থগিত)  পাবেন না এবং আরোপিত জরিমানা চলমান থাকবে।

৬। সভায় আগামী ২০২৪ সালের জন্য এককালীন জমা ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নির্ধারণ করা হয়েছে।

৭। সভায় এককালীন অতিরিক্ত ফান্ড গঠনের ব্যাপারে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে সভা একমত পোষণ করেন যে, যে কোন সদস্য চাইলে নির্ধারিত এককালীন জমার বাহিরে যে কোন পরিমাণ টাকা বিনিয়োগ বা জমা করতে পারবেন। সেক্ষেত্রে উক্ত শেয়ারহোল্ডার অতিরিক্ত জমাকৃত টাকার আনুপাতিক হারে লভ্যাংশ পাবেন।

৮। প্রতিষ্ঠানের নির্বাহী পরিষদ গৃহীত কার্যক্রম বা সিদ্ধান্ত সমূহ প্রতিষ্ঠাতা সদস্যদের সাথে পরামর্শ বা সমন্বয় করে পরিচালনা করিবেন।

৯। নতুন বিনিয়োগের ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ এবং এ ব্যপারে যাচাই-বাছাই পূর্বক সিদ্ধান্ত গ্রহণের দ্বায়িত্ব নির্বাহী পরিষদের উপর অর্পণ করা হয়।

১০। সভায় বর্তমান কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নতুন কার্যকরী কমিটি গঠন সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। সভায় নতুন কমিটি গণতান্ত্রিক ব্যবস্থায় সদস্যদের ভোটের মাধ্যমে গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। সভায় নতুন কমিটি গঠনের কার্যক্রম পরিচালনা করার জন্য একটি নির্বাচন কমিশন গঠন করা হয়। যাহা নিম্নরুপঃ

প্রধান নির্বাচন কমিশনার- জনাব রফিকুল ইসলাম রাসেল

সদস্য - জনাব মাসুদ আলম চৌধুরী

সদস্য - জনাব আনোয়ার হোসেন

সদস্য - জনাব সোহাগ আলম

১৩। সভায় আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাচন কমিশনের সদস্যগণ যে কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

১৪। আগামী নির্বাহী পরিষদের প্রধান পরামর্শক হিসাবে জনাব রফিকুল ইসলাম রাসেল সাহেবকে সর্বসম্মতিক্রমে নির্বাচিত করা হয়।

১৫। মোট দশটি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। পদগুলো হলো -

সভাপতি /চেয়ারম্যান

সহ-সভাপতি /ভাইস চেয়ারম্যান

সাধারণ সম্পাদক / ব্যবস্থাপনা পরিচালক

সহসাধারণ সম্পাদক /সহকারী ব্যবস্থাপনা পরিচালক

কোষাধ্যক্ষ / পরিচালক (অর্থ ও হিসাব)

সহঃকোষাধ্যক্ষ / পরিচালক (অর্থ ও হিসাব)

সদস্য /পরিচালক

সদস্য /পরিচালক

সদস্য /পরিচালক

সদস্য /পরিচালক

১৬। উপরোক্ত পদ সমূহের বিপরীতে যে সকল শেয়ারহোল্ডার অংশগ্রহণ করতে চান, তাহাদের প্রধান নির্বাচন কমিশনার জনাব রফিকুল ইসলাম রাসেল সাহেবের হোয়াটসঅ্যাপ নাম্বারে (01717119824-whatasapp no) নিম্নোক্ত নিয়মে পাঠানোর জন্য আহবান করা হলোঃ

নাম ---------

পদের নাম------

১৭।বিবিধ।

পরিশেষে, সভার সভাপতি খন্দকার এম এ আউয়াল উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যাবলী সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে,

মোঃ মাসুদ আলম চৌধুরী
সদস্য সচিব
লীগ্যাল এগ্রো ফার্ম।